প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ

বিভিন্ন অপরাধে ২২টি প্রতিষ্ঠানকে ৩.৩৭ লক্ষ টাকা জরিমানা

২৭ সেপ্টেম্বর ২০১৭ খ্রি:

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়, বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৬ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, ময়মনসিংহ, সুনামগঞ্জ, বান্দরবান ও পটুয়াখালীতে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: আব্দুল জব্বার মন্ডল কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর শ্যামপুর থানা এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে মিঠাইওয়ালা সুইটস এন্ড বেকারী, শিমুল স্টোর ও বনফুল সুইটস এন্ড বেকারী লি: কে যথাক্রমে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা, **১০,০০০/- (দশ হাজার)** টাকা ও **২০,০০০/- (বিশ হাজার)** টাকাসহ মোট **৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব শাহনাজ সুলতানার নেতৃত্বে ঢাকা মহানগরীর মিরপুর ও পল্লবী এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে ভাগ্যকুল বিক্রমপুর সুইটস এন্ড বেকারীকে **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে ইয়াম্মি ইয়াম্মি ফুড এন্ড ফ্লেভারস লি: কে **১,০০,০০০/- (এক লক্ষ)** টাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে Brooklyn's Bistro Cafe & Lounce কে **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকাসহ মোট **২,০০,০০০/- (দুই লক্ষ)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: শাহ আলমের নেতৃত্বে ময়মনসিংহ সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **২৬,০০০/- (ছাব্বিশ হাজার)** টাকা, সুনামগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সুনামগঞ্জ সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, বান্দরবান জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: সুলতান মাহমুদ মিলনের নেতৃত্বে বান্দরবান সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোহাম্মদ সেলিমের নেতৃত্বে পটুয়াখালীর কলাপাড়া উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১,০০০/- (এক হাজার)** টাকাসহ মোট **৫৬,০০০/- (ছাপ্পান্ন হাজার)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয় এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের উপ-পরিচালক জনাব শাহীন আরা মমতাজ কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Quesadilla La Maxican Grill ও Royal Cuisine কে **১০,০০০/- (দশ হাজার)** টাকা করে মোট **২০,০০০/- (বিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালক জনাব মো: আবদুল মজিদ কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে সলুব্রি ম্যাক্সিকান টাকো ফাস্ট ফুড সপ ও কস্তুরি কিচেনকে **২,০০০/- (দুই হাজার)** টাকা করে মোট **৪,০০০/- (চার হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,০০০/- (এক হাজার)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব আফরোজা রহমান কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে কড়াই গোসত ও অলিভ রেস্টুরেন্টকে **৪,০০০/- (চার হাজার)** টাকা করে মোট **৮,০০০/- (আট হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,০০০/- (দুই হাজার)** টাকা প্রদান করা হয়।

রংপুর বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোস্তাফিজুর রহমান কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে বৈশাখী ফাস্ট ফুডকে **৪,০০০/- (চার হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,০০০/- (এক হাজার)** টাকা প্রদান করা হয়।

আজকের **৬টি** বাজার তদারকির ও **৭টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **২২টি** প্রতিষ্ঠানকে মোট **৩,৩৭,০০০/- (তিন লক্ষ সাঁইত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **৭ জন** অভিযোগকারীকে মং **৯,০০০/- (নয় হাজার)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-
(রিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, বরিশাল ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, ময়মনসিংহ, সুনামগঞ্জ, বান্দরবান ও পটুয়াখালী।
৭। পুলিশ সুপার, ঢাকা, ময়মনসিংহ, সুনামগঞ্জ, বান্দরবান ও পটুয়াখালী।
৮। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।